



আবুল সরকার

ক্যাষেলস্টাউন সিটি কাউন্সিল নির্বাচনে মুক্ত পদপ্রার্থী

গত ২ জুন সনিবার সন্ধ্যায়, আসন্ন ক্যাষেলস্টাউন সিটি কাউন্সিল নির্বাচনে বাংলাদেশীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্যাষেলস্টাউন নির্বাচনী এলাকায় বসবাসরত বিভিন্ন সংগঠনের সাথে সম্পৃক্ত সম্মানিত নেতৃবৃন্দ এবং সর্বস্তরের বাংলাদেশী কমিউনিটির সমাজসেবায় নিয়োজিত ব্যাক্তিবর্গ উপস্থিত হন। সভায় সভাপতিত্ব করেন মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি জনাব মোফাজ্জল ভুইয়া এবং পরিচালনা করেন জনাব আবুল সরকার। শুরুতে জনাব সরকার সভার উদ্দেশ্য ব্যাখ্যা করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং আগামী নির্বাচনে বাংলাদেশী কমিউনিটির অংশগ্রহণের আঙ্গন জানান।

অট্টেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ডঃ আনিসুল আকসার নির্বাচনের সার্বিক বিষয় তুলে ধরে নির্বাচনে প্রতিনিধিত্ব করার উপর ওকৃত আরোপ করেন।

সভায় সর্বজনাব শাহ আলম সৈয়দ, ডঃ ইলিয়াছ, ডঃ থায়রুল চৌধুরী, আব্দুল জিলিল, ডঃ নিজাম আহমেদ, ডঃ হাসান হাফিজুর রহমান, নুরুল আমিন, ইকবাল জুয়েল, ইসমাইল মিয়া, রফিক উদ্দিন, মাসুদ চৌধুরী, তোজাম্বেল হক মুকুল, ডঃ হায়দার আলী, আব্দুস সালাম, সাদিকুর রহমান মুন, গোলাম জীলানি নির্বাচনের স্বপক্ষে যুক্তি তুলে ধরে বক্তব্য রাখেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে জনাব আবুল সরকারকে নির্দলীয় ভাবে নির্বাচন করার জন্য মনোনীত করা হয়। নির্বাচন পরিচালনা করার জন্য জনাব মোতাহার হোসেনকে সমন্বয়ক করে ১৫ সদেস্যর একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়। সবশেষে আবুল সরকার আন্তরিক ক্রতৃজ্ঞতা প্রকাশ করেন তাঁকে মনোনীত করার জন্য, এবং সবার সহযোগিতা কামনা করেন।